



## মেসির জোড়া গোল ও দারুণ অ্যাসিস্টে রেড বুলসকে বিধ্বস্ত করল ইন্টার মায়ামি, ৫-১ গোল উৎসব



লিওনেল মেসি: সংগৃহীত ছবি

মেজর লিগ সকারে (এমএলএস) ফের দাপট দেখাল লিওনেল মেসির ইন্টার মায়ামি। নিউ ইয়র্ক রেড বুলসের বিপক্ষে ৫-১ গোলের বিশাল ব্যবধানে জয় তুলে নিয়েছে ফ্লোরিডার দলটি। ম্যাচজুড়ে দুর্দান্ত পারফরম্যান্স করেন আর্জেন্টাইন মহাতারকা মেসি। জোড়া গোলের পাশাপাশি সতীর্থের একটি গোলেও রেখেছেন সরাসরি অবদান।

নিউ ইয়র্কের রেড বুলস এরেনায় ম্যাচের শুরুটা অবশ্য ভালোই করেছিল স্বাগতিকরা। ১৫তম মিনিটে কর্নার থেকে হেডে গোল করে রেড বুলসকে এগিয়ে দেন ডিফেন্ডার আলেকজান্ডার হ্যাক। ম্যাচের শুরুতেই পিছিয়ে পড়ে চাপে পড়ে ইন্টার মায়ামি। তবে মেসির নেতৃত্বে দ্রুতই ম্যাচে ফিরে আসে তারা।

২৪তম মিনিটে সমতা ফেরায় ইন্টার মায়ামি। ডি-বক্সের প্রান্ত থেকে মেসির নিখুঁত পাস পেয়ে বাঁ পায়ে জোড়ালো শটে বল জালে পাঠান স্প্যানিশ ডিফেন্ডার জর্দি আলবা। মাত্র তিন মিনিট পর আবারও মায়ামির আক্রমণ। মেসির চমৎকার কাটব্যাক পাস ধরে গোল করেন টেলস্কো সেগোভিয়া। এতে ২-১ ব্যবধানে এগিয়ে যায় মেসির দল

প্রথমার্ধ শেষ হওয়ার আগে যোগ করা সময়ে আবারও গোল করেন সেগোভিয়া। বাঁ দিক থেকে আসা বল ডান পায়ে নিয়ন্ত্রণে এনে নিখুঁত শটে গোলরক্ষককে পরাস্ত করেন তিনি। এতে ৩-১ গোলের ব্যবধানে এগিয়ে থেকে বিরতিতে যায় ইন্টার মায়ামি।

দ্বিতীয়ার্ধে পুরো মাঠজুড়েই ছিল লিওনেল মেসির একচ্ছত্র দাপট। ম্যাচের ৬০তম মিনিটে দ্রুত এক কাউন্টার অ্যাটাকে বল পেয়ে একক দৌড়ে ডি-বক্সে ঢুকে বাঁ পায়ের দুর্দান্ত শটে নিজের প্রথম গোলটি করেন মেসি। এরপর ৭৫তম মিনিটে লুইস সুয়ারেজের পাস থেকে দারুণ ফিনিশিংয়ে করেন নিজের দ্বিতীয় গোল। এই গোলেই ম্যাচের স্কেরলাইন দাঁড়ায় ৫-১। এই জয়ে ইন্টার মায়ামি আরও দৃঢ় অবস্থানে পৌঁছাল পয়েন্ট টেবিলে। শিরোপার লড়াইয়ে নিজেদের দাবি শক্ত করল তারা। অন্যদিকে লিওনেল মেসি যেন ফিরে পেয়েছেন তার পুরনো রূপ। চলতি মৌসুমে সর্বশেষ ৭ ম্যাচের মধ্যে ৬টিতেই একাধিক গোল করেছেন তিনি। বয়স ৩৭ হলেও মাঠে তার গতিময়তা ও গোল করার ক্ষুধা এখনো অপরিবর্তিত।